গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৮ বৈশাখ ১৪০৩/২১ এপ্রিল ১৯৯৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/২৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২৪শে চৈত্র, ১৪০২ বাং/৭ই এপ্রিল, ১৯৯৬ ইং তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের পরিশিষ্ট-ঙ আইনশৃংখলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির নাম পরিবর্তন করিয়া "আইন-শৃংখলা ও জাতীয় সম্প্রচার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি" করিয়াছে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আইয়ুবুর রহমান**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২২ আষাঢ় ১৪০৩/৬ জুলাই ১৯৯৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/৩৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত মন্ত্রিসভা কমিটি/পরিষদ পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(খ) অর্থ ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

(গ) জাতীয় অর্থনৈতিক পরিষদ (এন.ই.সি)।

(ঘ) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)।

(ঙ) আইন শৃংখলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

(চ) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

২। উপরিউক্ত মন্ত্রিসভা কমিটি/পরিষদসমূহের সহায়তাদানকারী কর্মকর্তাগণ কমিটির কার্যপরিধি (Terms of Reference) এবং সাচিবিক সাহয়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট 'ক হইতে চ' প্রদত্ত হইল।

৩। মন্ত্রিসভা কমিটি/পরিষদসমূহের বৈঠকের কার্যবিবরণী অনুমোদিত হইবার ৩ (তিন) দিনের মধ্যে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ইহার অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (অনুবিভাগ-৪) প্রেরণ করিতে হইবে।

৪। মন্ত্রিসভা কমিটি/পরিষদসমূহের যে সমস্ত সুপারিশ/সিদ্ধান্ত চূড়ান্তঅনুমোদনের জন্য মন্ত্রিসভায় পেশ করিবার প্রয়োজন, তাহা মন্ত্রিসভায় পেশ করিতে হইবে। মন্ত্রিসভা কমিটিসমূহের অন্যান্য সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্বে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

৫। উপরিউক্ত কোন্ কমিটিতে পদাধিকারবলে কোন মন্ত্রণালয়ের মন্ত্রী অন্তর্ভুক্ত থাকিলে এবং সাময়িকভাবে উক্ত মন্ত্রণালয়ের কোন মন্ত্রী নিয়োজিত না থাকিলে, মন্ত্রী নিয়োজিত না হওয়া পর্যন্ত, ঐ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী (যদি থাকেন) সংশ্লিষ্ট কমিটির বৈঠকে উক্ত মন্ত্রণালয়ের মন্ত্রীর প্রতিনিধিত্ব করিতে পারিবেন।

৬। এতদ্‌সংক্রান্ত পূর্বে গঠিত কমিটি/পরিষদসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে।

৭। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আইয়ুবুর রহমান**
মন্ত্রিপরিষদ সচিব।

পরিশিষ্ট -ক

## সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) জনাব এস, এ, এম, এস, কিবরিয়া, মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়। | .. | আহ্বায়ক |
| (২) জনাব এ, এস, এইচ, কে সাদেক, মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৩) জনাব আঃ রাজ্জাক, মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৪) জনাব তোফায়েল আহমেদ, মন্ত্রী, বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৫) জনাব নুরউদ্দিন খান, মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৬) জনাব আফসার উদ্দিন আহমদ খান, প্রতিমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালায়। | .. | সদস্য |
| (৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী। | .. | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৪) সচিব, অর্থ বিভাগ

(৫) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৬) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য

(৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল মন্ত্রণালয়/বিভাগ/অধঃস্তন দপ্তর/আধা-সরকারী সংস্থা/স্বায়ত্তশাসিত সংস্থা/রাষ্ট্রীয়কৃত শিল্প কর্তৃক প্রদত্ত এককভাবে পঁচিশ কোটি টাকার উর্ধ্বে ক্রয় এবং চুক্তি সম্পদনের প্রস্তাব বিবেচনা।

(২) পরামর্শক সার্ভিস (কনসালট্যান্সি সার্ভিসেস) সংক্রান্ত পাঁচ কোটি টাকার উর্দ্ধের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা।

(৩) উপরে (১) ও (২) উপ-অনুচ্ছেদে উল্লিখিত অংকের টাকার (অর্থাৎ যথাক্রমে ২৫ কোটি ও ৫ কোটি টাকার উর্দ্ধের) পুনঃ দরপত্র আহ্বান-এর পুনর্বিবেচনা সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা।

(৪) সরকারের বিভিন্ন সংস্থার অনুসৃত দরপত্র আহ্বান পদ্ধতির পর্যালোচনা এবং পরিবীক্ষণ।

(ঘ) কমিটির বৈঠক প্রতিমাসে একবার এবং প্রয়োজনানুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে অনুষ্ঠিত হইবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করিবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

পরিশিষ্ট -খ

## অর্থ ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) কমিটির গঠন ঃ

| | | |
|---|---|---|
| (১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) মন্ত্রী, শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) মন্ত্রী, বাণিজ্য এবং শিল্প মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) মন্ত্রী, কৃষি, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৮) মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৯) সংশ্লিষ্ট মন্ত্রী | .. | সদস্য |

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব
(২) মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়
(৩) গভর্ণর,বাংলাদেশ ব্যাংক
(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
(৫) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
(৬) সচিব, অর্থ বিভাগ
(৭) সচিব, ব্যাংকিং বিভাগ
(৮) সচিব, শিল্প মন্ত্রণালয়
(৯) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
(১০) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(১১) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য
(১২) সংশ্লিষ্ট সচিব।

(গ) কমিটির কার্যপরিধি ঃ

(১) দেশের সার্বিক অর্থ ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন।

(২) মন্ত্রিসভায় উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত প্রস্তাব/নীতিসমূহ বিবেচনা ও সুপারিশ প্রণয়ন ঃ
(ক)বাণিজ্য নীতি (আমদানী নীতি, রপ্তানী নীতি প্রভৃতিসহ)।
(খ) শিল্প নীতি।
(গ) বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলী।

(৩) ব্যাংক, বীমা ও অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন ও প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন।

(৪) বিভিন্ন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য ভর্তুকী সংক্রান্ত বিষয়াদি।

(ঘ) মন্ত্রিসভা কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হইবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করিবে।

পরিশিষ্ট-গ

## জাতীয় অর্থনৈতিক পরিষদ (এন, ই সি)

**(ক) পরিষদের গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) প্রধানমন্ত্রী | .. | চেয়ারম্যান |
| (২) মন্ত্রিসভার সকল সদস্য | .. | সদস্য |

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ

(৩) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(৪) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক

**(গ) পরিষদের কার্যপরিধি ঃ**

(১) পঞ্চ-বার্ষিক পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচী এবং অর্থনৈতিক কর্মপন্থা(পলিসি) নিরুপণের প্রাথমিক পর্যায়ে সামগ্রিক দিক-নির্দেশনা প্রদান;

(২) পরিকল্পনা, কর্মসূচী এবং কর্মপন্থার চূড়ান্তকরণ এবং অনুমোদন প্রদান;

(৩) উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ; এবং

(৫) জাতীয় অর্থনৈতিক পরিষদের দায়িত্ব পালনে সহায়ক বিবেচিত যে কোন কমিটি গঠন।

(ঘ) পরিষদের বৈঠক প্রতিমাসে একবার এবং প্রয়োজনানুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে অনুষ্ঠিত হইবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ পরিষদের সাচিবিক সহায়তা প্রদান করিবে।

পরিশিষ্ট-ঘ

## জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) প্রধানমন্ত্রী | .. | চেয়ারপারসন |
| (২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | .. | বিকল্প চেয়ারম্যান |
| (৩) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) মন্ত্রী, শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) মন্ত্রী, বাণিজ্য এবং শিল্প মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৮) মন্ত্রী, কৃষি, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৯) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী | .. | সদস্য |

**(খ) নির্বাহী কমিটির সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক

(৪) সদস্য (সাধারণ অর্থনৈতি), পরিকল্পনা কমিশন

(৫) সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন

(৬) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৭) সচিব, অর্থ বিভাগ

(৮) সচিব, পরিকল্পনা বিভাগ

(৯) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(১০) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

**(গ) নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের প্রকল্প সারপত্র বিবেচনা ও অনুমোদন।

(২) পুরাতন পদ্ধতি অনুসারে প্রক্রিয়াকৃত (পরিকল্পনা কমিশনের প্রকল্প মূলায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত) ৫ (পাঁচ) কোটি টাকার উর্ধ্বে ব্যয় সম্বলিত উন্নয়ন প্রকল্পসমূহ বিবেচনা ও অনুমোদন।

(৩) উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

(৪) বেসরকারী উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণে বিনিয়োগ কোম্পানীসমূহের প্রস্তাব বিবেচনা।

(৫) অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ ও দেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও সংশ্লিষ্ট নীতি নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা।

(৬) বিধিবদ্ধ সংস্থাসমূহের সম্পাদিত কার্যাবলী বিশেষতঃ উহাদের আর্থিক ফলাফল বিবেচনা।

(৭) সরকারী সংস্থাসমূহের উৎপন্ন দ্রব্যের মূল্য ও জনসেবামূলক সার্ভিসসমূহের রেট, ফিস ইত্যাদি বিবেচনা।

(৮) বৈদেশিক সাহায্য, বাণিজ্য সম্প্রসারণ ও জনশক্তি রপ্তানী বিষয়ে বিদেশে বাংলাদেশের বিভিন্ন মিশনের জন্য নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রাসমূহের অগ্রগতি পর্যালোচনা।

(ঘ) নির্বাহী কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হইবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ নির্বাহী কমিটির সাচিবিক সহায়তা প্রদান করিবে।

**পরিশিষ্ট -ঙ**

## আইন-শৃংখলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। .. | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়। .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় ও শিল্প মন্ত্রণালয়। .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। .. | সদস্য |
| (৬) | মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়। .. | সদস্য |
| (৭) | মন্ত্রী, কৃষি, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। .. | সদস্য |
| (৮) | প্রতিমন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। .. | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।

(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

(৫) মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি পর্যালোচনা ও মূল্যায়ন।

(২) যেই কারণে আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটিতে পারে সেই কারণগুলি পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণপূর্বক ভবিষ্যতে এইগুলি দূরীকরণকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

(৩) হরতাল, ধর্মঘট ইত্যাদিসহ জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী ঘটনাবলী এবং এইগুলির ফলে জনজীবনে, যে দুর্ভোগ ও অচল অবস্থার সৃষ্টি হয়, তাহা পরিহারের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট এজেন্সিগুলির করণীয় ও গ্রহণীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান।

(৪) উপরিউক্ত বিষয় সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান।

(৫) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই কমিটির সাচিবিক সহায়তা প্রদান করিবে।

**পরিশিষ্ট -চ**

## জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব আবদুস সামাদ আজাদ, মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়। | .. | আহ্বায়ক |
| (২) | জনাব মোঃ জিল্লুর রহমান, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৩) | জনাব এ, এস, এইচ, কে, সাদেক, মন্ত্রী, শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৪) | জনাব আঃ রাজ্জাক, মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৫) | জনাব তোফায়েল আহমেদ, মন্ত্রী, বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৬) | বেগম মতিয়া চৌধুরী, মন্ত্রী, কৃষি, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৭) | ডাঃ মোজাম্মেল হোসেন, প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৮) | জনাব ওবায়দুল কাদের, প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া এবং সংস্কৃতি বিষয় মন্ত্রণালয় | .. | সদস্য |

(খ) **কমিটির সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।

(২) সচিব, অর্থ বিভাগ।

(৩) সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

(৪) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(৫) সচিব, তথ্য মন্ত্রণালয়।

(৬) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) জাতীয় পুরস্কার প্রদানের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হইতে প্রাপ্ত প্রস্তাবসমূহ পরীক্ষা করা।

(২) বিভিন্ন জাতীয় পুরস্কারের ক্রম মূল্যায়ন এবং প্রয়োজনবোধে পরিবর্তনের জন্য সুপারিশ প্রদান।

(৩) নূতন ধরনের কোন জাতীয় পুরস্কার প্রবর্তনের প্রস্তাব পরীক্ষা।

(ঘ) কমিটির বৈঠক প্রতিমাসে একবার এবং প্রয়োজনানুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে অনুষ্ঠিত হইবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করিবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ জুলাই ১৯৯৬/৩১ আষাঢ় ১৪০৩

নং **মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/৪৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২২শে আষাঢ়, ১৪০৩ বাং/৬ই জুলাই, ১৯৯৬ ইং তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের পরিশিষ্ট 'ঘ' "জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)"-এর গঠন সংক্রান্ত প্রজ্ঞাপনের 'খ' অনুচ্ছেদ আংশিক সংশোধনপূর্বক পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্যকে উক্ত কমিটিতে সহায়তাদানকারী কর্মকর্তা হিসাবে অন্তর্ভুক্ত করিয়াছে।

২। একই কমিটির প্রজ্ঞাপনের 'গ' উপ-অনুচ্ছেদ-২ আংশিক সংশোধনপূর্বক একনেক-এ উপস্থাপিতব্য উন্নয়ন প্রকল্পের ব্যাপারে "পাঁচ কোটি টাকার উর্ধ্বে" এর পরিবর্তে দশ কোটি টাকার উর্ধ্বের ব্যয় সম্বলিত উন্নয়ন প্রকল্পসমূহ প্রস্তাব উপস্থাপিত হইবে।

৩। কমিটির অন্যান্য বিষয়াদি অপরিবর্তিত থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আইয়ুবুর রহমান**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৫ সেপ্টেম্বর ১৯৯৬/২১ ভাদ্র ১৪০৩

নং **মপবি/শাঃপঃ/কপগ-২/৯৬/৫৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নোক্তভাবে 'বাংলাদেশ পরিকল্পনা কমিশন' পুনর্গঠন করিয়াছে ঃ—

(ক) **কমিশনের গঠন ঃ**

**চেয়ারপারসন**

(১) প্রধানমন্ত্রী

**ভাইস-চেয়ারম্যান**

(২) অর্থ মন্ত্রী

**সদস্য**

(৩) পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ

**সদস্য-সচিব**

(৪) সচিব, পরিকল্পনা বিভাগ

(খ) কার্যপরিধি ঃ

(১) রুলস্ অব বিজনেস, ১৯৭৫ (হালনাগাদ সংশোধনীসহ), সিডিউল-১ এ বর্ণিত পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের অন্তর্গত পরিকল্পনা কমিশনের জন্য নির্ধারিত কার্যবিবরণী।

(২) বাংলাদেশ পরিকল্পনা কমিশন চেয়ারপারসনের সভাপতিত্বে অনুষ্ঠিত ইহার বর্ধিত সভায় নিম্নলিখিত কার্যাবলীও সম্পন্ন হইবে ঃ

(২.১) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা চূড়ান্তকরণ।

(২.২) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা চূড়ান্তকরণ।

(২.৩) দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা।

(২.৪) পরিকল্পনা বাস্তবায়নের সাথে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলী।

(২.৫) পরিকল্পনার গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়াবলী সম্পর্কে আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্য দূরীকরণ।

**(গ) নিম্নলিখিত কর্মকর্তাগণকে পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানান হইবে ঃ**

(১) সচিব, অর্থ বিভাগ।

(২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (অসবি)।

(৩) সচিব, পরিসংখ্যান বিভাগ।

(৪) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মুল্যায়ন বিভাগ।

(৫) গুরুত্বপূর্ণ আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্যের ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আইয়ুবুর রহমান**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৫ সেপ্টেম্বর ১৯৯৬/২১ ভাদ্র ১৪০৩

নং **মপবি/শাঃপঃ/কপগ-২/৯৬-৫৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দ্রব্যের ভেজাল ও ওজনে কারচুপি রোধ সংক্রান্ত বিদ্যমান আইনসমূহের সময়োপযোগী সংশোধনের উদ্দেশ্যে সর্বোচ্চ বিষয়াদি পর্যালোচনাপূর্বক সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করিয়াছে ঃ—

(ক) **কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) মন্ত্রী, বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, কৃষি, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

(৪) মন্ত্রী,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(খ) **সহায়তাদানকরী কর্মকর্তাগণ ঃ**

(১) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(২) সচিব, শিল্প মন্ত্রণালয়

(৩) সচিব, কৃষি মন্ত্রণালয়

(৪) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

কমিটি দ্রব্যের ভেজাল ও ওজনে কারচুপি রোধ সংক্রান্ত বিদ্যামান আইনসমূহ সময়োপযোগী সংশোধনের উদ্দেশ্যে সার্বিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়ন করিবে।

২। প্রয়োজন অনুসারে কমিটি বৈঠকে মিলিত হইবে।

৩। বাণিজ্য মন্ত্রণালয় এই কমিটির সাচিবিক দায়িত্ব পালন করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আইয়ুবুর রহমান**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৪ অক্টোবর ১৯৯৬/২৯ আশ্বিন ১৪০৩

নং **মপবি/শাঃপঃ/কপগ-৯/৯৬/৬৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট সকল সরকারী অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্ব-শাসিত সংস্থার উন্নয়ন ও সেবামূলক কাজ জনস্বার্থে সমন্বিত করিবার লক্ষ্যে নিম্নেবর্ণিত সমন্বয় কমিটি গঠন করিয়াছে ঃ—

(ক) **কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

**সহ-আহ্বায়ক**

(২) মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

**সদস্যবৃন্দ**

(৩) চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।

(৪) চেয়ারম্যান, চট্টগ্রাম ওয়াসা,চট্টগ্রাম।

(৫) চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

(৬) কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

(৭) প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, চট্টগ্রাম।

(৮) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, চট্টগ্রাম।

(৯) জেরারেল ম্যানেজার, টি এন্ড টি বোর্ড, চট্টগ্রাম।

(১০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, চট্টগ্রাম।

(১১) জেলা প্রশাসক, চট্টগ্রাম জেলা।

(১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম।

(১৩) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম।

(১৪) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর,চট্টগ্রাম।

(১৫) উপ-মহাব্যবস্থাপক, বাখরাবাদ গ্যাস-সিস্টেমস লিঃ, চট্টগ্রাম।

(১৬) সিভিল সার্জন, চট্টগ্রাম জেলা।

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) এই কমিটি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক ব্যবস্থাপনা ও সেবামূলক কাজের প্রবাহ নিশ্চিত করিবে;

(২) এই কমিটির সিদ্ধান্ত আইনের বিধান ও সংশ্লিষ্ট বাজেটে বরাদ্দ সাপেক্ষে সরকার/সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্বশাসিত সংস্থার সিদ্ধান্ত বলিয়া সত্বর বাস্তবায়িত হইবে।

২। এই কমিটি প্রতি মাসে ন্যূনতম একবার বৈঠকে মিলিত হইবে এবং আহ্বায়ক বা সহ-আহ্বায়ক প্রয়োজন মনে করিলে আরও স্বল্প সময়ে বৈঠক আহ্বান করিতে পারিবেন।

৩। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মুখ্য নির্বাহী কর্মকর্তা এই কমিটির সাচিবিক দায়িত্ব পালন করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**[একই তারিখ ও প্রজ্ঞাপন নম্বরে, প্রতিস্থাপিত হইবে]**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৪ অক্টোবর ১৯৯৬/২৯ আশ্বিন ১৪০৩

নং **মপবি/শাঃপঃ/কপগ-৮/৯৬/৬৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পার্বত্য চট্টগ্রামের বিরাজমান পরিস্থিতির নিরসনকল্পে নিম্নোক্ত জাতীয় কমিটি গঠন করিয়াছে ঃ—

(ক) **কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) জনাব আবুল হাসানাত আবদুল্লাহ, জাতীয় সংসদের চীপ হুইপ।

**সদস্যবৃন্দ**

(২) জনাব এ বি এম মহিউদ্দিন চৌধুরী, মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

(৩) ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, সংসদ সদস্য।

(৪) জনাব দীপংকর তালুকদার, সংসদ সদস্য।

(৫) জনাব কল্প রঞ্জন চাকমা, সংসদ সদস্য।

(৬) জনাব আমীর খসরু মাহমুদ চৌধুরী, সংসদ সদস্য।

(৭) ছৈয়দ ওয়াহিদুল আলম, সংসদ সদস্য।

(৮) এ্যাডভোকেট ফজলে রাব্বী, সংসদ সদস্য।

(৯) জনাব এ কে খন্দকার, প্রাক্তন বিমান বাহিনী প্রধান।

(১০) জনাব আলী হায়দার খান প্রাক্তন বিভাগীয় কমিশনার।

(১১) জনাব আতাউর রহমান খান কায়সার, বিশিষ্ট শিল্পপতি।

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

এই কমিটি বাংলাদেশের সার্বভৌমত্বের আওতায় পার্বত্য চট্টগ্রাম সমস্যার স্থায়ী রাজনৈতিক সমাধানের উপায় নির্ধারণ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

২। সংসদ সদস্য মেজর জেনারেল (অবঃ) আবদুস সালাম 'রিসোর্স পার্সোন' হিসাবে এই কমিটিকে সহায়তা প্রদান করিবেন।

৩। বিশেষ কার্যাদি বিভাগ এই কমিটির সাচিবিক দায়িত্ব পালন করিবে।

৪। ইহা ২-১০-৯৬ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৪ অক্টোবর,১৯৯৬/ ২৯ আশ্বিন ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-৮/৬৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পার্বত্য চট্টগ্রামের বিরাজমান পরিস্থিতি নিরসনকল্পে গঠিত জাতীয় কমিটিকে পরামর্শদান ও তথ্য সরবরাহ করিয়া পূর্ণাংগ সহায়তা প্রদানের জন্য নিম্নোক্ত টেকনিক্যাল কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) সচিব, বিশেষ কার্যাদি বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম

(৩) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব

(৪) পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মহা-পরিচালক

(৫) ডঃ অনুপম সেন, অধ্যাপক, সমাজ বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(৬) জনাব শরদিন্দ শেখর চাকমা, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব

(৭) ব্রিগেডিয়ার (অবঃ) শরীফ আজিজ

(৮) জেলা প্রশাসক. রাংগামাটি

(৯) জেলা প্রশাসক, খাগড়াছড়ি

(১০) জেলা প্রশাসক, বান্দরবান জেলা

২। বিশেষ কার্যাদি বিভাগ এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**এম ইদ্রিস আলী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ অক্টোবর,১৯৯৬/ ৩০ আশ্বিন ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-১০/৯৬/৭৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিচারার্থ বা দন্ডানার্থ বিদেশে অবস্থানরত আসামীদের (বাংলাদেশের নাগরিক) বাংলাদেশে আনয়নের বিষয়ে পর্যালোচনা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্তে নিম্নরূপ টাস্কফোর্স গঠন করিয়াছে ঃ

(ক) **টাস্কফোর্সের গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৩) প্রতিমন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৪) এ্যাটর্নী জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট

(৫) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৬) প্রধানমন্ত্রীর সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৭) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৮) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৯) মহা-পরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা, মহা-পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা

(১০) মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা

(১১) মহা-পরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা

(খ) **টাস্কফোর্সের কার্যপরিধি ঃ**

(১) বিচারার্থ বা দন্ডানার্থ বিদেশে অবস্থানরত আসামীদের (বাংলাদেশের নাগরিক) বাংলাদেশ সরকারের হাতে অর্পণ সংক্রান্ত অন্যান্য দেশের সহিত চুক্তি/সমঝোতা/বিদ্যমান ব্যবস্থা পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(২) এই ধরনের আসামীদের বিরুদ্ধে রুজুকৃত মামলাসমূহ পর্যালোচনা;

(৩) ১৯৭৫ এর ১৫ই আগস্ট ও ৩রা নভেম্বরের হত্যাকান্ড সংক্রান্ত মামলা ও অন্যান্য মামলার সহিত জড়িত বিদেশে অবস্থানরত আসামীদের বিচারের উদ্দেশ্যে দেশে ফেরত আনয়নের ব্যবস্থা গ্রহণ।

২। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই টাস্কফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**এম ইদ্রিস আলী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৭ অক্টোবর,১৯৯৬/ ২২ আশ্বিন ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-৬/৯৬/৬২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট সকল সরকারী অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্বশাসিত সংস্থার উন্নয়ন ও সেবামূলক কাজ জনস্বার্থে সমন্বিত করিবার লক্ষ্যে নিম্নোক্ত সমন্বয় কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**সহ-আহ্বায়ক**

(২) মেয়র, ঢাকা সিটি কর্পোরেশন

**সদস্যবৃন্দ**

(৩) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

(৪) চেয়ারম্যান, পানি উন্নয়ন বোর্ড

(৫) চেয়ারম্যান, টি এন্ড টি বোর্ড

(৬) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর

(৭) চেয়ারম্যান, ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ

(৮) কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ

(৯) চেয়ারম্যান, বি, আর, টি, এ

(১০) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

(১১) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা

(১২) মহা-পরিচালক, পরিবেশ অধিদপ্তর

(১৩) মহা-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর

(১৪) জেলা প্রশাসক, ঢাকা জেলা

(১৫) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস লিমিটেড

(১৬) সিভিল সার্জন, ঢাকা জেলা

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) এই কমিটি ঢাকা মহানগরীর সার্বিক ব্যবস্থাপনা ও সেবামূলক কাজের প্রবাহ নিশ্চিত করিবে;

(২) এই কমিটির সিদ্ধান্ত আইনের বিধান ও সংশ্লিষ্ট বাজেটে বরাদ্দ সাপেক্ষে সরকার/সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর/ স্বায়ত্বশাসিত সংস্থা সিদ্ধান্ত বলিয়া সত্বর বাস্তবায়িত হইবে।

২। এই কমিটি প্রতিমাসে নুন্যতম একবার মিলিত হইবে এবং আহ্বায়ক বা সহ-আহ্বায়ক প্রয়োজন মনে করিলে আরও স্বল্প সময়ে বৈঠক আহ্বান করিতে পারিবেন।

৩। ঢাকা সিটি কর্পোরেশনের মুখ্য নির্বাহী কর্মকর্তা এই কমিটির সাচিবিক দাযিত্ব পালন করিবেন।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৮ অক্টোবর,১৯৯৬/ ২৩ আশ্বিন ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৬/৬৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সোহরাওয়ার্দী উদ্যানে 'বিজয় স্তম্ভ' নির্মাণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব

**সদস্যবৃন্দ**

(২) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৩) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

(৪) সচিব, সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

(৫) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর

(৬) প্রধান স্থাপতি, স্থাপত্য বিভাগ

(৭) স্থপতি মাজহারুল ইসলাম

(৮) শিল্পী হাসেম খান

(৯) স্থপতি রবিউল হুসাইন

(১০) বিভাগীয় প্রধান, স্থপতি বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

কমিটি সোহরাওয়ার্দী উদ্যানে 'বিজয় স্তম্ভ' নির্মাণের জন্য নক্‌শা আহ্বান করিবে এবং প্রাপ্ত নক্‌শাসমূহ বাছাই করিয়া সরকারের নিকট সুপারিশ প্রদান করিবে।

২। এই কমিটি আগামী ৩০ শে নভেম্বর, ১৯৯৬ তারিখের মধ্যে সরকারের নিকট সুপারিশ পেশ করিবে।

৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এই কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করিবেন।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ অক্টোবর,১৯৯৬/৫ কার্তিক ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-১১/৯৬/৮৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার খুলনা সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট সকল সরকারী অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্বশাসিত সংস্থার উন্নয়ন ও সেবামূলক কাজ জনস্বার্থে সমন্বিত করিবার লক্ষ্যে নিম্নোক্ত সমন্বয় কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

সহ-আহ্বায়ক

(২) মেয়র, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা

সদস্যবৃন্দ

(৩) চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা

(৪) কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ

(৫) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, খুলনা

(৬) জেনারেল ম্যানেজার, টি এন্ড টি বোর্ড, খুলনা

(৭) জেলা প্রশাসক, খুলনা জেলা, খুলনা

(৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, খুলনা

(৯) তত্বাবধায়ক প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, খুলনা

(১০) সিভিল সার্জন, খুলনা জেলা, খুলনা

(১১) তত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, খুলনা

(১২) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, খুলনা

(১৩) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, খুলনা

(১৪) সহকারী পরিচালক, বি, আর, টি, এ, খুলনা

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) এই কমিটি খুলনা সিটি কর্পোরেশনের সার্বিক ব্যবস্থাপনা ও সেবামূলক কাজের প্রবাহ নিশ্চিত করিবে;

(২) এই কমিটির সিদ্ধান্ত আইনের বিধান ও সংশ্লিষ্ট বাজেটে বরাদ্দ সাপেক্ষে সরকার/সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্বশাসিত সংস্থা সিদ্ধান্ত বলিয়া সত্বর বাস্তবায়িত হইবে।

২। এই কমিটি প্রতিমাসে ন্যুনতম একবার বৈঠকে মিলিত হইবে এবং আহ্বায়ক বা সহ-আহ্বায়ক প্রয়োজন মনে করিলে আরও স্বল্প সময়ে বৈঠক আহ্বান করিতে পারিবেন।

৩। খুলনা সিটি কর্পোরেশনের মুখ্য নির্বাহী কর্মকর্তা এই কমিটির সাচিবিক দায়িত্ব পালন করিবেন।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬ অক্টোবর, ১৯৯৬/১১ কার্তিক ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-১২/৯৬/৮৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট সকল সরকারী অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্বশাসিত সংস্থার উন্নয়ন ও সেবামূলক কাজ জনস্বার্থে সমন্বিত করিবার লক্ষ্যে নিম্নোক্ত সমন্বয় কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**সহ-আহ্বায়ক**

(২) মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী

সদস্যবৃন্দ

(৩) চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী

(৪) কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী

(৫) প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী

(৬) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, রাজশাহী

(৭) জেলা প্রশাসক, রাজশাহী জেলা, রাজশাহী

(৮) জেনারেল ম্যানেজার, টি এন্ড টি বোর্ড, রাজশাহী

(৯) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী

(১০) সিভিল সার্জন, রাজশাহী জেলা, রাজশাহী

(১১) তত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী

(১২) উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী

(১৩) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, রাজশাহী

(১৪) সহকারী পরিচালক, বি, আর, টি, এ, রাজশাহী

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) এই কমিটি রাজশাহী সিটি কর্পোরেশনের সার্বিক ব্যবস্থাপনা ও সেবামূলক কাজের প্রবাহ নিশ্চিত করিবে;

(২) এই কমিটির সিদ্ধান্ত আইনের বিধান ও সংশ্লিষ্ট বাজেটে বরাদ্দ সাপেক্ষে সরকার/সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্বশাসিত সংস্থা সিদ্ধান্ত বলিয়া সত্বর বাস্তবায়িত হইবে।

২। এই কমিটি প্রতিমাসে ন্যুনতম একবার বৈঠকে মিলিত হইবে এবং আহ্বায়ক বা সহ-আহ্বায়ক প্রয়োজন মনে করিলে আরও স্বল্প সময়ে বৈঠক আহ্বান করিতে পারিবেন।

৩। রাজশাহী সিটি কর্পোরেশনের মুখ্য নির্বাহী কর্মকর্তা এই কমিটির সাচিবিক দায়িত্ব পালন করিবেন।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ নভেম্বর, ১৯৯৬/২৬ কার্তিক ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-৫/৯৫/৯৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নোক্তভাবে "জাতীয় প্রাথমিক ও গণশিক্ষা পরিষদ" পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) **পরিষদের গঠন ঃ**

**সভাপতি**

(১) মাননীয় প্রধানমন্ত্রী

**সহ-সভাপতি**

(২) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(৩) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(৪) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়।

(৫) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৬) প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়।

(৭) প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(৮) প্রতিমন্ত্রী, তথ্য মন্ত্রণালয়।

(৯) মন্ত্রিপরিষদ সচিব।

(১০) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব।

(১১) জনাব দীপংকর তালুকদার, সাংসদ, ২৯৯, পার্বত্য রাংগামাটি।

(১২) বেগম নার্গিস আরা হক, সাংসদ, মহিলা আসন-১২।

(১৩) অধ্যাপিকা জিন্নাতুল নেসা তালুকদার, সাংসদ, মহিলা আসন-৬।

(১৪) জনাব রফিকুল ইসলাম, সাংসদ, ৮৬, যশোর-২।

(১৫) জনাব নূরুল ইসলাম নাহিদ, সাংসদ, ২৩৩, সিলেট-৬।

(১৬) জনাব আকতার উজ্জামান, সাংসদ, ১৯৫, গাজীপুর-৩।

(১৭) ডঃ টি, আই, এ ফজলে রাব্বি চৌধুরী, সাংসদ, ৩১ গাইবান্ধা-৩।

(১৮) সদস্য (আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন।

(১৯) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(২০) সচিব, স্থানীয় সরকার বিভাগ।

(২১) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(২২) সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

(২৩) সচিব, অর্থ বিভাগ।

(২৪) সচিব, তথ্য মন্ত্রণালয়।

(২৫) সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

(২৬) সচিব, প্রাথমিক ও গণ শিক্ষা বিভাগ।

(২৭) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

(২৮) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(২৯) সচিব, পরিসংখ্যান বিভাগ।

(৩০) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(৩১) ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন, উপদেষ্টা, গণস্বাক্ষরতা অভিযান।

(৩২) জনাব কাজী ফজলুর রহমান, প্রাক্তন সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

(৩৩) অধ্যাপক রেহমান সোবহান, নির্বাহী চেয়ারম্যান, সেন্টার ফর পলিসি ডায়ালগ।

(৩৪) ডঃ সিদ্দিকুর রহমান, অধ্যাপক, আই, ই, আর, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৩৫) মহা-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

(৩৬) মহা-পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর।

(খ) **পরিষদের কার্যপরিধি ঃ**

(১) প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষা ক্ষেত্রে নীতিমালা প্রণয়নের কাজে পরামর্শ প্রদান;

(২) প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষার লক্ষ্যমাত্রা, উদ্দেশ্য ও বাস্তবায়ন কৌশল সম্পর্কে দিক নির্দেশনা প্রদান।

২। পরিষদ বৎসরে অন্ততঃ দুইবার এবং প্রয়োজন অনুসারে আরো স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হইবে ।

৩। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এই পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইতিপূর্বে জারীকৃত প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/কপগ-৫/৯৫-৭(১০০) তারিখ ৪ঠা মার্চ, ১৯৯৬/২১ শে ফাল্গুন, ১৪০২ সংশোধনক্রমে এতদ্বারা কমিটি পুনর্গঠন করা হইল।

৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ আহমেদ**

মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১১ ডিসেম্বর, ১৯৯৬/২৭ অগ্রহায়ণ ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-১৮/৯৬/১২১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আশুগঞ্জ-বাখরাবাদ গ্যাস পাইপ লাইন স্থাপনের কাজ নির্ধারিত সময়ে বাস্তবায়িত না হওয়ার কারণ নিরুপণ এবং উহার দায়িত্ব নির্ধারণের নিমিত্তে নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

**সদস্য**

(২) সচিব, শিল্প মন্ত্রণালয়

(৩) মহা-পরিচালক, স্পেশাল এফেয়ার্স বিভাগ

২। কমিটি একমাসের মধ্যে অর্থ ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নিকট প্রতিবেদন পেশ করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ আহমেদ**

মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৭ নভেম্বর, ১৯৯৬/৩ অগ্রহায়ণ ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/১০৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পানি সম্পদ উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও নীতি নির্ধারণ এবং এই সংক্রান্ত অন্যান্য বিষয় পর্যালোচনার উদ্দেশ্যে নিম্নোক্তভাবে "জাতীয় পানি সম্পদ পরিষদ" পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) **পরিষদের গঠন ঃ**

**সভাপতি**

(১) প্রধানমন্ত্রী

**সদস্যবৃন্দ**

(২) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়।

(৩) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়।

(৪) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়।

(৫) মন্ত্রী,স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(৬) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়।

(৭) মন্ত্রী নৌ-পরিবহণ মন্ত্রণালয়।

(৮) মন্ত্রী/প্রতিমন্ত্রী, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়।

(৯) মন্ত্রী/প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয়।

(১০) মন্ত্রী/প্রতিমন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(১১) মন্ত্রিপরিষদ সচিব।

(১২) পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান ও সকল সদস্য।

(১৩) প্রধানমন্ত্রী কর্তৃক মনোনিত ৬টি প্রশাসনিক বিভাগের ৬ জন জাতীয় সংসদ সদস্য।

(১৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(১৫) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।

(১৬) সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়।

(১৭) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য।

(১৮) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(১৯) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।

(২০) সচিব, কৃষি মন্ত্রণালয়।

(২১) সচিব, খাদ্য মন্ত্রণালয়।

(২২) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(২৩) সচিব, ভূমি মন্ত্রণালয়।

(২৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

(২৫) ডীন, আইন অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(২৬) চেয়ারম্যান, পানি সম্পদ প্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(২৭) চেয়ারম্যান, পানি উন্নয়ন বোর্ড।

(২৮) মহা-পরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।

(২৯) সদস্য যৌথ নদী কমিশন।

(৩০) প্রেসিডেন্ট ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ।

(৩১) প্রেসিডেন্ট ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ।

(৩২) চেয়ারম্যান, এসোসিয়েশন অব ডেভেলপমেন্ট এজেন্সীজ ইন বাংলাদেশ (এডাব)।

(৩৩) প্রধানমন্ত্রী কর্তৃক মনোনিত ৩ (তিন) জন বিশেষজ্ঞ।

(খ) **পরিষদের কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) ঃ**

পরিষদ নিম্নোক্ত বিষয়ে সরকারকে পরামর্শ ও সহায়তা প্রদান করিবে ঃ-

(১) বাংলাদেশ পানি সম্পদ উন্নয়ন সম্পর্কিত নীতি নির্ধারণ;

(২) জাতীয় পানি সম্পদ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন সম্পর্কিত কার্যক্রমের পর্যালোচনা;

(৩) পানি সম্পদ ব্যবহারকারী বিভিন্ন সংস্থার মধ্যে সম্পদের সুষ্ঠু বিতরন সম্পর্কে নীতি নির্ধারণ;

(৪) পানি সম্পদের সর্বোত্তম উন্নয়নে বিনিয়োগের পরিমাণ এবং প্রকৃতি নির্ধারণ;

(৫) সুষ্ঠু পানি সম্পদ ব্যবস্থাপনা প্রবর্তনের লক্ষ্যে যথোপযোগী প্রাতিষ্ঠানিক ব্যবস্থার প্রবর্তন ও তাহার উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম; এবং

(৬) পানি সম্পদ উন্নয়নের সহিত সংশ্লিষ্ট অন্য যে কোন কার্যক্রম।

(গ) এই জাতীয় পরিষদ তিনমাসে কমপক্ষে একবার এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হইবে।

(ঘ) পানি সম্পদ মন্ত্রণালয় উক্ত জাতীয় পানি সম্পদ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(ঙ) জাতীয় পানি সম্পদ পরিষদ গঠন সংক্রান্ত অত্র বিভাগের ৬ই জুন, ১৯৯২ তারিখের মপবি-৪(৪)/৯২/১০৪-কমিটি নং প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হইল।

**সৈয়দ আহমেদ**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৮ নভেম্বর, ১৯৯৬/৪ অগ্রহায়ণ ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-১/৯৬/১০৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে জাতীয় শিশু পরিষদ পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) **পরিষদের গঠন ঃ**

**সভাপতি**

(১) প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

(৩) প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়।

(৪) প্রতিমন্ত্রী, তথ্য মন্ত্রণালয়।

(৫) সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

(৬) জনাব সাবের হোসেন চৌধুরী, এম, পি, ঢাকা বিভাগ।

(৭) জনাব নূরুল ইসলাম নাহিদ, এম, পি, সিলেট বিভাগ।

(৮) বেগম পান্না কায়সার, এম, পি, চট্টগ্রাম বিভাগ।

(৯) বেগম জিন্নাতুন নেসা তালুকদার, এম, পি, রাজশাহী বিভাগ।

(১০) বেগম আনজুমান আরা জামিল, এম, পি, খুলনা বিভাগ।

(১১) জনাব ধীরেন্দ্রদেব নাথ সম্ভু, এম, পি, বরিশাল বিভাগ।

(১২) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(১৩) সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

(১৪) সচিব, অর্থ বিভাগ।

(১৫) সচিব, তথ্য মন্ত্রণালয়।

(১৬) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(১৭) সচিব, শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়।

(১৮) সচিব, প্রাথমিক ও গণ শিক্ষা বিভাগ।

**সদস্য-সচিব**

(১৯) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২০) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

(২১) জনাব রুকুনুজ্জামান খান (দাদা ভাই)।

(২২) বেগম নুরুন্নাহার সামাদ।

(২৩) ডাঃ খালেদা খানম।

(২৪) বেগম সিকদার আমিনুল হক (জলি)।

(২৫) বেগম তারানা হালিম।

(খ) **পরিষদের কার্যপরিধি ঃ**

(১) দেশের সকল শিশুর স্বার্থ ও অধিকার রক্ষা এবং শিশু কল্যাণের নিমিত্তে সার্বিক নীতি নির্ধারণ সংক্রান্ত সুপারিশমালা প্রণয়ন;

(২) শিশুর স্বার্থ ও অধিকার সংরক্ষণের উদ্দেশ্যে নূতন আইন ও বিধিমালা প্রণয়ন এবং বিদ্যমান আইনসমূহের সময়োপযোগী সংশোধন ও পরিবর্তনের জন্য সুপারিশ প্রণয়ন;

(৩) শিশু অধিকার সনদের সঠিক বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট বিষয়াদি পর্যবেক্ষণ।

(গ) পরিষদ ছয় মাস অন্তরঃ এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হইবে ।

(ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় উক্ত জাতীয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(ঙ) জাতীয় শিশু পরিষদ গঠন সংক্রান্ত অত্র বিভাগের ২০-৮-৯৫ তারিখের মপবি/শাঃপঃ/তপগ-১/৯৫-৪২- নং প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হইল।

**সৈয়দ আহমেদ**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ নভেম্বর, ১৯৯৬/৬ অগ্রহায়ণ ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-৯/৯৬/১০৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৪-১০-৯৬ তারিখে জারীকৃত মপবি/শাঃপঃ/কপগ-৯/৬৬ নং প্রজ্ঞাপনে গঠিত "চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উন্নয়ন ও সেবামূলক কাজের সমন্বয় সংক্রান্ত কমিটি" এর (ক) উপানুচ্ছেদ আংশিক সংশোধপূর্বক বাংলাদেশ রেলওয়ের জেনারেল ম্যানেজার (পূর্ব)কে উক্ত কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিয়াছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ নভেম্বর, ১৯৯৬/৬ অগ্রহায়ণ ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-৮/৯৬/১০৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৪-১০-৯৬ তারিখে জারীকৃত মপবি/শাঃপঃ/কপগ-৮/৯৬-৬৭ নং প্রজ্ঞাপনে গঠিত "পার্বত্য চট্টগ্রামে বিরাজমান পরিস্থিতি নিরসনকল্পে জাতীয় কমিটি" এর (ক)(১) উপানুচ্ছেদে উল্লেখিত "আহ্বায়ক" শব্দের পরিবর্তে "চেয়ারম্যান" শব্দটি প্রতিস্থাপন করিয়াছে।

**এম ইদ্রিস আলী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ ঠা ডিসেম্বর, ১৯৯৬/২০ অগ্রহায়ণ ১৪০৩

**নং মপবি/শাঃপঃ/কপগ-১৬/৯৬/১১৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় গৃহায়ন নীতি পর্যালোচনা করিয়া প্রতিবেদন প্রদানের জন্য নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ—

(ক) **কমিটির গঠন** ঃ

আহ্বায়ক

(১) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়।

(৩) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণ শিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

(৪) প্রতিমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

(৫) প্রতিমন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

(৬) প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয়।

(খ) **কমিটির কার্যপরিধি** ঃ

১। এই কমিটি জাতীয় গৃহায়ন নীতি, ১৯৯৩ এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর খসড়া পরীক্ষা-নিরীক্ষা করিয়া সুপারিশসহ প্রদিবেদর প্রদান করিবে।

২। প্রয়োজনবোধে কমিটি যে কোন ব্যক্তি/কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

৩। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হইয়া ১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন প্রদান করিবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮ জানুয়ারী, ১৯৯৫/১৫ মাঘ ১৪০১

**নং মপবি/শাঃপঃ/কমিটি-৩/৯৫-৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও কারিগরী তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র (ব্যান্সডক) আইন, ১৯৯৪ পরীক্ষা-নিরীক্ষা করিয়া একটি প্রতিবেদন মন্ত্রিসভা সমীপে উপস্থাপন করিবার জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) ডঃ খন্দকার মোশাররফ হোসেন, মন্ত্রী, বিদ্যুৎ , জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার, মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়।

(৩) জনাব এ, এম, জহির উদ্দিন খান, মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়।

(৪) অধ্যাপক এম, এ মান্নান, প্রতিমন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

১। কমিটি জাতীয় বিজ্ঞান ও কারিগীর তথ্য সংগ্রহ বিতরণ কেন্দ্র (ব্যান্সডক) আইন, ১৯৯৪ পরীক্ষা-নিরীক্ষা করিয়া সুপারিশসহ প্রতিবেদন পেশ করিবে।

২। কমিটি এক মাসের মধ্যে প্রতিবেদন পেশ করিবে।

৩। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কমিটির সাচিবিক দায়িত্ব পালন করিবে।

৪। কমিটি প্রয়োজনবোধে যে কোন কর্মকর্তা/ব্যক্তিকে সহায়তা ও পরামর্শ প্রদানের উদ্দেশ্যে উহার বৈঠকে যোগদানের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাকির আহমেদ খান**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১ ফেব্রুয়ারী, ১৯৯৫/১৯ মাঘ, ১৪০১

**নং মপবি/শাঃপঃ/কমিটি-৪/৯৫-৭**—মন্ত্রিপরিষদ বিভাগের ৯-১০-৯১ইং/২৩-৬-১৩৯৮বাং তারিখের ৪(১)/৯০/২১৭/নং প্রজ্ঞাপনের পরিশিষ্ট “গ”-তে গঠিত জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (ক)(৪) অনুচ্ছেদ সংশোধন করিয়া “জনাব আবদুল মান্নান ভূঁইয়া, মন্ত্রী, শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়” এর পরিবর্তে “জনাব আব্দুল মান্নান ভূইয়া, মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়” করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাকির আহমেদ খান**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ মার্চ, ১৯৯৫/৬ চৈত্র, ১৪০১

**নং মপকমি-১/কমিটি-৩/৯৩-৯৪ (অংশ)/১৫(৫০)**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মহিলাদের আর্থ সামাজিক উন্নয়ন, রাষ্ট্রীয় ও সামাজিক জীবনের সর্বস্তরে মহিলাদের অধিকার প্রতিষ্ঠা এবং উন্নয়ন কর্মকান্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করিবার লক্ষ্যে নিম্নরূপভাবে জাতীয় মহিলা উন্নয়ন পরিষদ (NCWD) গঠন করিয়াছে ঃ

(ক) **পরিষদের গঠন ঃ**

সভাপতি

(১) মাননীয় প্রধানমন্ত্রী

সহ-সভাপতিবৃন্দ

(২) (ক) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

(খ) মন্ত্রী, কৃষি ও পানি সম্পদ মন্ত্রণালয়।

(গ) মন্ত্রী/প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(৩) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়।

(৪) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(৫) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৬) মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়।

(৭) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(৮) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়।

(৯) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়।

(১০) মন্ত্রী, বন ও পরিবেশ মন্ত্রণালয়।

(১১) মন্ত্রী, শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়।

(১২) মন্ত্রী/প্রতিমন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

(১৩) মন্ত্রী/প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়।

(১৪) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

(১৫) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

(১৬) সচিব, তথ্য মন্ত্রণালয়।

(১৭) সচিব, অর্থ বিভাগ।

(১৮) সদস্য, (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো) পরিকল্পনা কমিশন।

(১৯) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(২০) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(২১) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

(২২) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।

(২৩) সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

(২৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

(২৫) সচিব, প্রাথমিক ও গণ শিক্ষা বিভাগ।

(২৬) সচিব, স্থানীয় সরকার বিভাগ।

(২৭) সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

(২৮-৩২) সরকার কর্তৃক মনোনীত জাতীয় সংসদের পাঁচজন সংসদ সদস্য/সদস্যা

(৩৩-৪২) সরকার কর্তৃক মনোনীত সমাজ সেবায় গৌরবোজ্জল কৃতিত্ব ও অবদান আছে এমন অনূর্ধ দশজন মহিলা।

(খ) **পরিষদের কার্যপরিধি ঃ**

(১) আর্থ-সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করার উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার উন্নয়নমূলক কার্যক্রম সংক্রান্ত নীতিপ্রণয়ন ও কার্যক্রমের সমন্বয় সাধন।

(২) মহিলাদের আইনগত অধিকার, মহিলা উন্নয়ন এবং মহিলাদের নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত বিষয়াবলী সমন্ধে নীতি প্রণয়ন ।

(৩) সকল কর্মক্ষেত্রে মহিলাদের স্বার্থ সংরক্ষণ, অংশগ্রহণ ও তাহাদের ভাগ্যোন্নয়ন সম্পর্কে গৃহীত পদক্ষেপ বাস্তবায়নের প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ।

২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এই পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ৩-২-৮২ তারিখের মবিম/শা-৪-১৯৬/৮১ নং প্রজ্ঞাপনে গঠিত জাতীয় মহিলা পরিষদ এতদ্বারা বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**জাকির আহমেদ খান**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২রা এপ্রিল, ১৯৯৫/১৯ শে চৈত্র, ১৪০১

**নং মপবি/শাঃপঃ/কপগ-২/৯৫-২৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২২-৯-৯৪ তারিখের মপকমি-১/কমিটি-৩/৯৩-৯৪/১৬৩ নং প্রজ্ঞাপনে গঠিত ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনসহ অনুরূপ 'অন্যান্য কার্যক্রমের মাধ্যমে বেকরদের কর্মসংস্থান সংক্রান্ত সরকারী ও বেসরকারী বিভিন্ন কর্মসূচীর সমন্বয়, পর্যালোচনা, পরীবিক্ষণ, মূল্যায়ন ও বিশ্লেষণপূর্বক উদ্যোগ গ্রহণের জন্য কেন্দ্রীয় সমন্বয় কমিটিতে নিম্নলিখিত সদস্যগণকে অন্তর্ভুক্ত করিয়াছে ঃ—

| | | |
|---|---|---|
| (১) | সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (২) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | ঐ |
| (৩) | সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | ঐ |
| (৪) | সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ঐ |

২। উক্ত কেন্দ্রীয় সমন্বয় কমিটির অন্যান্য সকল বিষয় অপরিবর্তিত থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**জাকির আহমেদ খান**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ আগষ্ট, ১৯৯৫/৫ই, ভাদ্র, ১৪০২

**নং মপবি/শাঃপঃ/কপগ-১/৯৫-৪২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে জাতীয় শিশু পরিষদ গঠন করিয়াছে ঃ

(ক) পরিষদের গঠন ঃ

**সভাপতি**

(১) প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

(৩) প্রতিমন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

(৪) প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়।

(৫) উপ-মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৬) সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
(৭) সচিব, তথ্য মন্ত্রণালয়।
(৮) সচিব, অর্থ বিভাগ।
(৯) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
(১০) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
(১১) সচিব, শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়।
(১২) সচিব, প্রাথমিক ও গণ শিক্ষা বিভাগ।
(১৩) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
(১৪) সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্য-সচিব**

(১৫) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(১৬-২১) ৬টি বিভাগ হইতে ৬ (ছয়) জন সংসদ সদস্য/সদস্যা (প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত হইবেন)।
(২২-২৬) শিশু কল্যাণ কাজে নিয়োজিত প্রতিষ্ঠান/বিশিষ্ট ব্যক্তি/বিশেষজ্ঞ হইতে ৫ (পাঁচ) জন (সরকার কর্তৃক মনোনীত হইবেন)।

**(খ) পরিষদের কার্যপরিধি ঃ**

(১) দেশের সকল শিশুর স্বার্থ ও অধিকার রক্ষা এবং শিশু কল্যাণের নিমিত্তে সার্বিক নীতি নির্ধারণ সংক্রান্ত সুপারিশমালা প্রণয়ন;
(২) শিশুর স্বার্থ ও অধিকার সংরক্ষণের উদ্দেশ্যে প্রয়োজনবোধে নূতন আইন ও বিধিমালা প্রণয়ন এবং বিদ্যমান আইনসমূহের সময়োপযোগী সংশোধন ও পরিবর্তনের জন্য সুপারিশ প্রণয়ন;
(৩) শিশু অধিকার সনদের সঠিক বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট বিষয়াদি পর্যবেক্ষণ।

(গ) পরিষদ ছয় মাস অন্তরঃ এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হইবে।

(ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় উক্ত জাতীয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**জাকির আহমেদ খান**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১২ সেপ্টেম্বর, ১৯৯৫/২৮, ভাদ্র, ১৪০২

নং **মপবি/শাঃপঃ/কপগ-৪/৯৫-৪৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রাইভেটাইজেশন বোর্ডের কাজে সাহায্য প্রদানের উদ্দেশ্যে প্রাইভেটাইজেশন বোর্ড এবং যুক্তরাষ্ট্রের আই, বি, টি, সি, আই এবং উহার স্থানীয় সহযোগী দুইটি প্রতিষ্ঠানের মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী কাজের অগ্রগতি পর্যালোচনাপূর্বক একটি প্রতিবেদন পেশ করিবার জন্য নিম্নোক্ত পাঁচ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) জনাব জাকির আহমেদ খান, যুগ্ম-সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

**সদস্যবৃন্দ**

(২) জনাব মোঃ সিরাজুল ইসলাম, যুগ্ম-সচিব, অর্থ মন্ত্রণালয়।
(৩) জনাব মোঃ শাহজাহান, উপ-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৪) জনাব মোঃ আনোয়ারুল হক, উপ-সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
(৫) জনাব এম, এফ, আর, তালুকদার, প্রকল্প পরিচালক, কারিগরী সাহায্য প্রকল্প, প্রাইভেটাইজেশন বোর্ড।

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) পরামর্শক কাজের অগ্রগতি পর্যালোচনা করিয়া চুক্তিতে অন্তর্ভুক্ত পরামর্শক কাজের পরিধি-মেয়াদ এবং প্রয়োজনীয়তা এবং বাস্তবতার নিরিখে যুক্তিসংগতভাবে নির্ণয় করিবে।
(২) উপরিউক্ত বিষয়ে পরার্শকের প্রতিষ্ঠানের সহিত মত বিনিময়পূর্বক বর্তমান চুক্তিটি সংশোধন অথবা বিকল্প সুপারিশ প্রণয়ন করিবে।

২। কমিটি আগামী ২২-৯-৯৫ইং তারিখের মধ্যে প্রতিবেদন পেশ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ সিরাজুল ইসলাম**
উপ-সচিব।